রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৮, ২০১৮

## ৩য় খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

### প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৪ পৌষ ১৪২৪/০৭ জানুয়ারি ২০১৮

নং **২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৭.১৫-১৭**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬৬৩৭ মেজর সিফাত-ই-জামালী, ইএমই- কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুলস্)১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩সি (ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২(৪), আর্মি রেগুলেশন্স্ (ইনস্ট্রাকশন্স্) ১৬৮(বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১-এর রুল ৯(ক) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন অবসর প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৭ পৌষ ১৪২৪/১০ জানুয়ারি ২০১৮

নং **২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৯.১৫-২০**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নম্বর ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৪০.১৩-৪৭২, তারিখ, ২১ ডিসেম্বর ২০১৭ মূলে নিম্নবর্ণিত ৭ (সাত) জন কর্মকর্তার নামের পাশে ৩ নম্বর কলামে বর্ণিত তারিখ থেকে ১ (এক) বছর করে চাকরি বর্ধিত হওয়ায় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ইতঃপূর্বে জারীকৃত স্বাভাবিক অবসর সংক্রান্ত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৯.১৫-৪৫১, তারিখ ৭ ডিসেম্বর ২০১৭-এর ক্রমিক নম্বর ২০, ২২, ২৩, ২৫, ২৬, ২৭, এবং ২৯-এ বর্ণিত সংশ্লিষ্ট অংশটুকু এতদ্দ্বারা বাতিল করা হলো। বর্ণিত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ যথারীতি বহাল থাকবে।

| প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর | বিএ নম্বর, পদবি ও নাম | অবসর গ্রহণের তারিখ |
|---|---|---|
| ২০ | বিএ-৩৫০৬ মেজর মোঃ মইনুল ইসলাম, আর্টিলারি | ২৮-২-২০১৮ (অপরাহ্ণ) |
| ২২ | বিএ-৩৫৪১ মেজর এ কে এম সফিউজ্জামান খাঁন, আর্টিলারি | ০৫-৩-২০১৮ (অপরাহ্ণ) |
| ২৩ | বিএ-৩৫৫৯ মেজর মোঃ আসিফ ইকবাল, পিএসসি, পদাতিক | ১৩-১-২০১৮ (অপরাহ্ণ) |
| ২৫ | বিএ-৩৬০৯ মেজর এস এম সুলায়মান, অর্ডন্যান্স | ২৬-১-২০১৮ (অপরাহ্ণ) |
| ২৬ | বিএ-৩৬১১ মেজর দেওয়ান মিজানুর রহমান, পিএসসি, আর্টিলারি | ১৮-৩-২০১৮ (অপরাহ্ণ) |
| ২৭ | বিএ-৩৬১২ মেজর মোঃ আবদুস সালাম, আর্টিলারি | ২৩-১-২০১৮ (অপরাহ্ণ) |
| ২৯ | বিএ-৩৮৮৬ মেজর মোঃ আবদুল হাই, ইএমই | ২১-১-২০১৮ (অপরাহ্ণ) |

তারিখ : ২৮ পৌষ ১৪২৪/১১ জানুয়ারি ২০১৮

নং **২৩.০০.০০০০.১৮০.১৩.০৬৮.১৭-২৩**—বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুল্স্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্স্) ৭৮(ডি), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুল্স্) ২৬২-এর ১(এ), ৩(এ), এবং এস. আর. ও. নম্বর ৩২৯/আইন/২০১৩, তারিখ ২০ অক্টোবর ২০১৩ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৪২৫৯ মেজর মোঃ হুমায়ুন আজাদ সরকার, পিএসপি, পদাতিক-কে চাকরিসীমা শেষে (বয়সসীমা অতিক্রমণের পূর্বে) সেনাবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হলো।

২। প্রচলিত বিধি অনুযায়ী কর্মকর্তা অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/১০ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৩.০০.০০০০.০৬০.১৩.০০১.১৭(অংশ)/২৫**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নেভী রুল ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা অতিক্রমের পর তাঁদের নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| ১. | রিয়ার এডমিরাল আ. স. ম. আবদুল বাতেন, বিএসপি, এনডিসি, পিএসসি (পি নং ১৮৫)। | বিকাল ২৪-২-২০১৮ | সকাল ২৫-২-২০১৮ |
| ২. | কমডোর মোঃ খুরশীদ মালিক, (ই), এনইউপি, এনডিইউ, পিএসসি, বিএন (পি নং ২৭৪)। | বিকাল ১০-২-২০১৮ | সকাল ১১-২-২০১৮ |
| ৩. | কমান্ডার মোঃ বজলুর রশিদ, (ট্যাজ), পিসিজিএম, পিএসসি, বিএন (পি নং ৬৩১)। | বিকাল ১-২-২০১৮ | সকাল ২-২-২০১৮ |

২। তাঁদের আবেদন এবং জেএসআই মোতাবেক উল্লিখিত কর্মকর্তাগণ প্রত্যেকেই ১২ মাস এলপিআর ভোগ করবেন।

৩। তাঁরা বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁদের নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ পৌষ ১৪২৪/০৯ জানুয়ারি ২০১৮

**নং ২৩.০০.০০০০.১২০.১১.০০১.১৬.০৭**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এ উপসহকারী প্রকৌশলী বি/আর ও উপসহকারী প্রকৌশলী ই/এম এর শূন্য পদের বিপরীতে নিম্নবর্ণিত প্রার্থীদের জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ১৬০০০-৩৮৬৪০/-(১০ম গ্রেড) বেতনস্কেলে ও সরকারি বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হল :

**উপসহকারী প্রকৌশলী বি/আর :**

| ক্রমিক নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | রোল নম্বর | জ্যেষ্ঠতাক্রম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১. | মোঃ আরাফাত রহমান<br>পিতা-মোঃ বদিয়ার রহমান<br>মাতা-জোৎস্না বেগম | ৫৩০১১০ | ৬৮ | গ্রাম-ডুবাইল, ডাকঘর-জামুর্কী, থানা-দেলদুয়ার, জেলা-টাংগাইল। | গ্রাম-ডুবাইল, ডাকঘর-জামুর্কী, থানা-দেলদুয়ার, জেলা-টাংগাইল। |
| ২. | মোঃ জহীরুল ইসলাম<br>পিতা-আব্দুল জব্বার বেপারী<br>মাতা-হেলেনুর বেগম | ৫৩০০৯১ | ৭৩ | আফিফ মঞ্জিল, ১৩/৪ আই, উত্তর মানিকদী (নম্বরী টেক), ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। | গ্রাম-কাদিরাবাদ, ডাকঘর-কাদিরাবাদ, থানা-কাজির হাট, উপজেলা- মেহেন্দীগঞ্জ, জেলা-বরিশাল। |

**উপসহকারী প্রকৌশলী ই/এম :**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | মোঃ ওয়াহিদ রিয়াদ<br>পিতা-জাহিদুল হক<br>মাতা-রেহেনা বেগম | ৫৪০৩২২ | ৪ | মোবিন চৌঃ বাড়ী, গ্রাম-উত্তর ঘোড়ামরা, ডাকঘর-কুমিরা, থানা-সিতাকুন্ড, জেলা-চট্টগ্রাম। | মোবিন চৌঃ বাড়ী, গ্রাম-উত্তর ঘোড়ামরা, ডাকঘর-কুমিরা, থানা-সিতাকুন্ড, জেলা-চট্টগ্রাম। |
| ২. | মোঃ মেজবাহ উদ্দিন সরকার<br>পিতা-মোঃ খোরশেদ আলম সরকার, মাতা-নাসিমা আক্তার | ৫৪১০৪০ | ৪৫ | রাইয়ান প্লাজা, ৪৪৪/৪, শাহিনবাগ, (৫ম তলা), তেজগাঁও, ঢাকা-১২১৫। | গ্রাম+ডাকঘর-কাজিয়াতল বুধা গাজী সরকার বাড়ী, উপজেলা-মুরাদনগর, জেলা-কুমিল্লা। |

**শর্তাবলী :**

(ক) বিধি অনুসারে তাঁদের যোগদানের তারিখ থেকে ০১ (এক) বছর শিক্ষানবিশকাল থাকবে;

(খ) শিক্ষানবিশকাল থাকা অবস্থায় বিধি অনুযায়ী যদি কোন শর্ত পূরণ করতে ব্যর্থ হন বা চাকরিতে বহাল রাখার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে সরকার কোন কারণ দর্শানো ছাড়াই তাঁদেরকে চাকরি থেকে অপসারণ করতে পারবে;

(গ) সাফল্যজনকভাবে শিক্ষানবিশকাল সম্পন্ন করা, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়া এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণের উপর তাঁদের চাকরি স্থায়ীকরণ নির্ভর করবে;

(ঘ) প্রযোজ্য সরকারি বিধি-বিধান অনুযায়ী মেধাক্রম অনুসারে তাঁদের চাকরির জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঙ) চাকরিতে যোগদানের জন্য তাঁদের কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না;

(চ) চাকরিতে যোগদানের সময় তাঁদের শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সম্পর্কিত সনদপত্র সেনাসদর, ই-ইন-সি'র শাখায় জমা প্রদান করতে হবে; এবং

(ছ) এ পত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে তাঁদের চাকরি সংক্রান্ত বিষয় সরকারের প্রচলিত বিধি-বিধান, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

২। আগামী ২৪ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে নিয়োগকৃত প্রার্থীদের সেনাসদর, ই-ইন-সি'র শাখা, পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাস ঢাকায় যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৩। প্রার্থীদেরকে এসএমএস এর মাধ্যমে নিয়োগের বিষয়টি অবহিত করার জন্য সেনাসদর, ই-ইন-সি'র শাখা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**
সহকারী সচিব।